

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা- ১ শাখা)
www.lgd.gov.bd.

স্মারক নং-৪৬.০৪৬.০১১.০০.০০.২৯০.২০১৬- ১৬ ৮০

তারিখ : ২৩ নভেম্বর ২০১৬

বিষয়: রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলা পরিষদে নিয়োগকৃত অফিস সহায়ক এর বেতন-ভাতা ছাড়করণের বিষয়ে মতামত প্রদান।

সূত্র: রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলা পরিষদ কার্যালয় এর স্মারক নং-উঃপঃকাঃগোঃ ১৬/৮৪(২); তারিখ : ১৯ অক্টোবর ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলা পরিষদে অফিস সহায়ক পদে জনাব আসাদুজ্জামানকে যদি নিয়োগ প্রদান করা হয় তবে তিনি হাইকোর্ট বিভাগে কেন রীট মামলা দায়ের করেন, জনাব আসাদুজ্জামান কর্তৃক দায়েরকৃত রীট পিটিশন নং ১৩৭০/২০১৫ চলমান থাকা অবস্থায় কিভাবে তাকে অফিস সহায়ক পদে নিয়োগ প্রদান করা হয়েছে, মাননীয় আদালতে রীট পিটিশন নং ১৩৭০/২০১৫ এর চূড়ান্ত আদেশ না হওয়া পর্যন্ত কিভাবে আসাদুজ্জামান এর বেতন ভাতা ছাড় করা হবে, অপর ব্যক্তি জনাব মজিবুর রহমান এর নিয়োগের বিষয়ে কোন মামলা/নিষেধাজ্ঞা রয়েছে কিনা ইত্যাদি বিষয়ে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

J. Min
20/11/2016

(ড. জুলিয়া মঈন)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৬২২৪৭

উপজেলা নির্বাহী অফিসার
গোয়ালন্দ, রাজবাড়ী।

অনুলিপি :

১। জেলা প্রশাসক, রাজবাড়ী।

২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।